10

Deed No- 5295/07. Book-I. A.D.S.R-I. Behala

भारतीय गैर न्यायिक

भारत

दस रुपये

TEN RUPEES

Rs.10

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

18AA 066230

248/78

F (I) 2/-
F (II) 2/-
G (e) 3.15
G (b) 5/-
Plan 20/-
X. 7.60
Stamp 10/-
C. FEE 10/-
59.75

Addl. District Sub-Registrar.
Behala, South 24-Parganas

14 JAN 2008

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR * BEHALA *

A Fee Rs......
Subsequently realised vide
Registration Receipt
No...............Date.........
ক্রমশ.....২


A. D. S. R. Behala
28/11/07

PLAN SHOWING IN R.S. DAG NO. 330/846 UNDER KHATIAN NO.
L.R. KHATIAN NO. AT MOUZA CHAKJOT SHIBRAMPUR
J.L. NO. 25 WARD NO. 14 IN MAHESHTALA MUNICIPALITY
P.S. MAHESHTALA DISTRICT SOUTH 24-PARGANAS.

SCALE 1"=50'-0"

NAME OF PURCHASER
WEST BENGAL HOUSING BOARD (ABASAN)
105 S. N. BANERJEE ROAD
KOLKATA - 700014.

SOLD AREA = 1.45 DECIMEL
MORE OR LESS
SHOWN IN RED




Certified to be a true copy of the original plan attached to deed No. 5295 for the year 2007. A.D.S.R. Behala

Addl. District Sub-Registrar Behala, South 24-Parganas
14-1-08

Compared by D. Mukherjee.
ANURAJ MUKHERJEE
BAR MARAR REGD. DEEDS

Atul Krishna Maity
DRAWN BY :-
A. K. MAITY
SURVEY OFFICE
JAGTALA (BATA MORE)
SOUTH 24-PARGANAS.

শ্রী [Bengali signature]

SIG. OF VENDORS.

A Fee Rs.............
Subsequently realised ... ক্রমশ .....২
Registration Receipt
No.............Date.......
A. D. S. R. Behala
28/11/07

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

पश्चिमबङ्ग पश्चिम बंगाल WEST BENGAL

A 649356

Admissible under Rule 21 ... of the and also u/s ... 1986 duty West Bengal L R Act ... Stamp stamped ... duty ... 1884 Act ...

Process Fees ...

paid in C.P.S. ...

... Stamp Duty 4,860

... vide ... No. 023094

Dated 9/11/07 ... of S.B.I. ...

Addl. District Sub-Registrar Behala, South 24-Parganas

28/11/07

মং ২৬,৪০০ (ছাব্বিশ হাজার চার শত টাকা মাত্র

পনমূল্যে নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল

কোবালা গ্রহীতাঃ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গঠিত একটি বিধিবদ্ধ সংস্থা

১০৫, এস. এন. ব্যানার্জী রোড, থানা-তালতলা,

কোলকাতা-৭০০ ০১৪।

A Fee Rs. ... Subsequently realised ...

Registration Receipt

No. ... Date ...

ক্রমশ .....২

A. D. S. R. Behala

28/11/07

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL A 610563

:: ২ ::

কোবালা দাতাঃ- শ্রী গোপাল চন্দ্র মণ্ডল,
পিতা মৃঃ স্বর্গীয় ভূতনাথ মণ্ডল,
জাতি-হিন্দু, পেশা- ব্যবসা,
সাং- গ্রাম ও পোঃ যোত শিবরামপুর,
থানা-মহেশতলা, কোলকাতা-৭০০ ১৪১,
জেলা-দক্ষিণ ২৪ পরগনা।

ক্রমশ.. ৩

কস্য শুভ সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা-দক্ষিণ ২৪ পরগনা, থানা-মহেশতলা, সাব রেজিষ্ট্রী অফিস-আলিপুর, হাল বেহালা, পরগনা-বালিয়া, অত্র জেলা কালেকটারির ৬৫ নং তৌজি ভুক্ত, রে. সা. নং ৭৫ ৩/৪, জে. এল. নং ২৫, বর্তমানে মহেশতলা মিউনিসিপ্যালিটির অন্তর্গত, মৌজা-চক যোত শিবরামপুর গ্রামে রায়ত দখলী স্বত্বীয় সাবেক ও হাল রিভিসিন্যাল জরীপের হাল খতিয়ান নং- ৩২, এল. আর. খতিয়ান নং ১০৫, এল. আর (কৃঃ) দাগ নং ৩৩০/৮৪৬ এর ১৪ শতক জমিজমার মালিক ছিলেন জনৈক গিরীশ চন্দ্র বিশ্বাস মহাশয়। অতঃপর নানাবিধ বৈধ কারনে উক্ত গিরীশ চন্দ্র বিশ্বাস উক্ত ১৪ শতক জমিজমা বিক্রয়ের ঘোষণা করিলে আমি অত্র কোবালা দাতার নামে আমার পিতা ভূতনাথ মণ্ডল বিগত ইংরাজী ১৯৩৯ সালের ১৫ই ডিসেম্বর সন তারিখে এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে খরিদ করেন। যাহা আলিপুর জয়েন্ট সাব রেজিষ্ট্রারের বেহালাস্থিত অফিসে রেজিষ্ট্রীকৃত হয় যাহা উক্ত অফিসে ১ নং বহির, ২৮ নং ভল্যুমে, ১৯৩ হইতে ১৯৫ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৯৩৯ সালের ১৭৬৬ নং দলিলরূপে পরিগণিত হইয়াছে।

উক্ত রূপে খরিদ করিয়া অদ্যাবধি নির্ব্বিবাদে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে ও নিব্যূঢ় স্বত্বে মালিক ও দখলীকার আছি এবং অত্র কোবালা দাতা মহেশতলা মিউনিসিপ্যালিটিতে নিজ নাম পত্তন করতঃ সন সন ট্যাক্সাদি ও বি. এল. এণ্ড. এল. আর. ও অফিসে খাজনাদি প্রদান করতঃ নিজ খাসে ভোগদখলে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নিব্যূঢ় স্বত্বে ষোলো আনা মালিক স্বরূপে ভোগবান ও দখলীকার আছি।

অতঃপর, **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের** অনুরোধে জনসাধারনের রাস্তার প্রয়োজনে শর্ত সাপেক্ষে জমি বিক্রয় করিতে সম্মত হইলাম। যাহা মৌজা-চক যোত শিবরামপুর গ্রামে রায়ত দখলী স্বত্বীয় হাল রিভিসিন্যাল জরীপের হাল খতিয়ান নং-৩২, এল. আর. খতিয়ান নং ১০৫, এল. আর (কৃঃ) ৩৩০/৮৪৬ নং দাগের ১৪ শতক জমির মধ্যে উত্তর পূর্বাংশে চিহ্নিত ১.৪৫ শতক বা .৮৮ কাঠা জমিজমা অত্র বিক্রীত সম্পত্তি হইতেছে যাহা সরকারী রাস্তা হিসাবে আমার এবং আমার ওয়ারিশানগণের সম্পূর্ণ

ক্রমশ .....৪

অধিকার থাকিবে উক্ত শর্তে বিক্রয় করিতে সম্মত হইলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের** পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউসিং ডেভলপমেণ্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ উদ্যোগ সংস্থা) কর্ত্তৃক প্রদত্ত সর্ব্বোচ্চ বাজার সরকারী দরে/পন মূল্যে ২৬,৪০০ (ছাব্বিশ হাজার চার শত) টাকা মাত্র প্রদান করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণ মূল্যের সমূহ টাকা এককালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তি যাহার পরিমান যাহার পরিমান উত্তর পূর্বাংশে চিহ্নিত ১.৪৫ শতক বা .৮৮ কাঠা জমিজমা অত্র সাফ বিক্রয় কোবালা দলিল মূলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরোজমিনে মাপ সুরত সীমানা সহরত পূর্ব্বক আপনাকে উহার যথারীতি খাস দখল দিয়া উহার দখল আপনার অনকূলে পরিত্যাগ পূর্ব্বক চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং **পশ্চিমবঙ্গ** আবাসন পর্ষদ কে সমূদয় ভূম্যাদিতে মালিকী স্বত্বের খাস দখল দিলাম। **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলীকার হইয়া জেলা কালেকটারীতে আমার নামের পরিবর্তে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** নিজ নাম পত্তনক্রমে খাজনাদি প্রদানপূর্বক বিক্রয়, বিলি, বণ্টন পত্তনাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও ইমারতাদি নির্মাণের স্বত্বাধিকারের সর্ব্ববিধ রূপান্তর করণের ক্ষমতা যুক্তে যদৃচ্ছামত ওয়ারিশানগণ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে নিব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন। বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, লভ্য সম্পর্কাদি ছিল ও আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ, রহিত, বিলুপ্ত হইয়া **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** প্রতি নিব্যূঢ় স্বত্বে বর্তাইল ও অর্পিল। যদি আমি কিংবা আমার কোন ওয়ারিশান অত্র বিক্রীত সম্পত্তিতে কোনপ্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি করি কিংবা করে তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমি ইতি পূর্বে অন্য কাহারও নিকট কোনপ্রকার দান, বিক্রয়, বিলি পাওনাদি দ্বারা হস্তান্তরের চুক্তি বা দায়বদ্ধ করি নাই, বিক্রীত সম্পত্তির উপর কোন চার্জ বা বিক্রীত

ক্রমশ .....৫

সম্পত্তি কোনরূপ বকেয়া খাজনার দায়ে বা অন্য কোনকারণে কোন অফিস আদালত কর্তৃক নীলাম বিক্রয় হয় নাই কিংবা বিক্রীত সম্পত্তি কোন দেবোত্তর বা ট্রাষ্টভুক্ত সম্পত্তি নহে। অথবা বিক্রীত সম্পত্তি কোন জনহিতকর কাজের জন্য সরকার বা পঞ্চায়েত বা কলিকাতা মেট্রোপলিটান ডেভেলপমেণ্ট অথরিটি বা কলিকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট বা অন্য কোন সরকারী সংস্থা কর্তৃক অ্যাকইজিশান বা রিকুইজিশান হয় নাই। অথবা বিক্রীত সম্পত্তি কাহারও খোরপোষের দায়ে বা কোন ব্যাঙ্কের দেনার টাকা মাত্র প্রদান দায়ে কোন আদালত কর্তৃক ক্রোকাবদ্ধ হয় নাই বা উহার কোনপ্রকার ইনজাংশান জারী হয় নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও বেনাম করি নাই বা উহা গর্ভণমেণ্ট বা কোন যৌথ কোম্পানী কর্তৃক অ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্ত্বাধিকারী ও খাস দখল থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিলাম। আপনি কোবালা গ্রহীতা অর্থাৎ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ উক্ত সম্পত্তি ক্রয় করিবার পূর্বে সর্ব্বপ্রকার খোঁজাদি করিয়া লইয়াছেন। তবুও ভবিষ্যতে আমার উক্তির বৈপরীত্য ঘটিয়া থাকিলে বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশ হইয়া থাকিলে বা আমাদের স্বত্ব দখলের কোন গোলযোগ হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোনপ্রকার ক্ষতি হইলে আমরা সম্পূর্ণ দায়ী দণ্ডনীয় হইব এবং আইনতঃ ক্ষতিপূরণ সহ পণ মূল্যের সমুদয় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশানগণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র যাহা বর্তমানে আমাদের নিকট আছে তাহা সমুদয়ই আপনাকে প্রদান করিলাম। ভবিষ্যতে তল্লাসমতে যদি আর কিছু কাগজপত্র পাওয়া যায় তাহাও আপনাকে ওয়ারিশানগণক্রমে দিতে বাধ্য রহিলাম।

আরোও প্রকাশ থাকে যে, অত্র দলিলে ভবিষ্যতে যদি কোন ভুল ত্রুটি দৃষ্ট হয় বা থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি অত্র দলিলের কোবালা দাতার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে আপনার খরচায় উক্ত ত্রুটি সংশোধন করিয়া দিতে বাধ্য থাকিলাম এবং থাকিবেক।

ক্রমশ .....৬

অত্র দলিল সংলগ্ন নক্সায় "লাল" রং এ রঞ্জিত অংশ বিক্রীত সম্পত্তি হইতেছে যাহা নিম্ন তপশীলে বিশদভাবে বর্ণিত আছে। উক্ত সম্পত্তির সংলগ্ন কমন প্যাসেজ দিয়া যাতায়াতের রাস্তা আপনার সর্ববিধ ব্যবহারের জন্য রহিল তাহাতে আমি বা আমার কোন ওয়ারিশানগনের কাহারও কোন ওজর আপত্তি চলিবে না।

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে অন্যের বিনা প্ররোচনায় ও বিনা অনুরোধে পনের টাকা স্বাক্ষীগনের সম্মুখে গ্রহনকরতঃ এবং অত্র দলিলের বিষয়বস্তু সম্পূর্ণরূপে অবগত হইয়া স্বেচ্ছায় উহাতে নিজ নাম দস্তখত করিলাম এবং রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী ২০০৭ সালের ১৪ই মার্চ, মোতাবেক বাংলা ১৪১৩ সালের ২৯শে ফাল্গুন।

## তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা-দক্ষিণ ২৪ পরগনা, থানা-মহেশতলা, সাব রেজিষ্ট্রী অফিস-আলিপুর হাল বেহালা, পরগনা-বালিয়া, অত্র জেলা কালেকটারির ৬৫ নং তৌজি ভূক্ত, রে. সা. নং ৭৫ ৩/৪, জে. এল. নং-২৫, বর্তমানে মহেশতলা মিউনিসিপ্যালিটির অন্তর্গত, মৌজা-চক যোত শিবরামপুর গ্রামে রায়ত দখলী স্বত্বীয় হাল খতিয়ান নং- ৩২, এল. আর. খতিয়ান নং ১০৫, এল. আর.(কৃঃ) ৩৩০/৮৪৬ নং দাগের ১৪ শতক জমির মধ্যে উত্তর পূর্বাংশে চিহ্নিত ১.৪৫ শতক বা .৮৮ কাঠা জমিজমা। ইহার হারাহারী মতে বার্ষিক খাজনা টাকা বর্তমানে মালিক জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা দক্ষিণ ২৪ পরগনা আলিপুর সাব ডিভিসন্যাল ল্যাণ্ড রিফর্ম অফিসার সদর সরকারে আদায় দিতে হয়।

## তপশীল বর্ণিত সম্পত্তির চৌহদ্দি :-

অত্র বিক্রীত ১.৪৪ শতক বা .৮৮ কাঠা জমিজমা

**উত্তর :-** আর. এস. দাগ নং ৫৯০।

**দক্ষিণ :-** অত্র দাগের অবশিষ্ট অংশ ও আর. এস. দাগ নং ৩২৯।

**পূর্ব :-** অত্র দাগের অংশ।

**পশ্চিম :-** আর. এস. দাগ নং ৩২৯।

ক্রমশ .....৭

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ....................................

Signature ..............................

| | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
|  | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ....................................

Signature ..............................

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ....................................

Signature ..............................

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ....................................

Signature ..............................

:: ৭ ::

<u>টাকার জমা</u>

| চেক নং | তারিখ | ব্যাঙ্ক | টাকা |
|---|---|---|---|
| ০০০০৪০ | ১৩/০৩/২০০৭ | এইচ. ডি. এফ.সি. ব্যাঙ্ক লিমিটেড সেন্টাল প্লাজা, ২/৬, শরৎ বোস রোড, কোলকাতা-২০ | ২৬,৩৪০ টাকা |
| নগদ | | | ৬০ টাকা |
| | | মোট | ২৬,৪০০ টাকা |

(মং ছাব্বিশ হাজার চার শত টাকা মাত্র বুঝিয়া পাইলাম)।

**ইসাদী** :-

১। Debo Prasad Ganguly
10 Prasanta Roy Road
K- 700008

২। Tarak Haldar
P.V. Jota Sibrampur

কোবালা দাতার স্বাক্ষর

সাবিদাকারক :-

তিমির বরন খাটুয়া
এ্যাডভোকেট
আলিপুর জর্জ কোর্ট, কোলকাতা-২৭।

কম্পিউটার প্রিন্ট :-
তুফান গাঙ্গুলী
আলিপুর জর্জ কোর্ট, কোলকাতা-২৭।

COPY PREPARED BY

14 JAN 2008

Certified to be a True Copy
of the original document which
has not yet been Transcribed

Addl. District Sub-Registrar.
Belala, South 24-Parganas

14 JAN 2008